গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.২৭৬

তারিখ : ২৫ আশ্বিন ১৪৩০ / ২৫ সেপ্টেম্বর ২০২৩

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ এলাকায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে পুনর্বাসন কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-২ মৌসুমে রোপা আমন ধানের (উফশী জাত) আবাদ বৃদ্ধির জন্য বিনামূল্যে বীজ ও সার বিতরণ বাবদ ৭৫.০৭৫ লক্ষ (পঁচাত্তর লক্ষ সাত হাজার পাঁচশত) টাকা অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।**

মহোদয়,

২০২৩-২৪ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটের '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের বরাদ্দকৃত ৬০০০০.০০ লক্ষ (ছয়শত কোটি) টাকার মধ্যে '৩২৫১১০৫-সার' উপখাতে ১৬৫০০.০০ লক্ষ (একশত পঁয়ষট্টি কোটি) টাকা হতে ৪০.৭০ লক্ষ (চল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকা '৩২৫১১০৯- বীজ ও চারা' খাতে বরাদ্দকৃত ৩৬৫০০.০০ লক্ষ (তিনশত পঁয়ষট্টি কোটি) টাকা হতে ২৭.৫০ লক্ষ (সাতাশ লক্ষ পঞ্চাশ হাজার) ও '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে ৭০০০.০০ লক্ষ (সত্তর কোটি) টাকা হতে ৬.৮৭৫ লক্ষ (ছয় লক্ষ সাতাশি হাজার পাঁচশত) সর্বমোট ৭৫.০৭৫ লক্ষ (পঁচাত্তর লক্ষ সাত হাজার পাঁচশত) টাকা রোপা আমন ধানের (উফশী জাত) আবাদ বৃদ্ধির জন্য বিনামূল্যে বীজ ও সার কৃষকদের মাঝে বিতরণের জন্য বর্ণিত ০৩ নং অনুচ্ছেদের জেলাওয়ারী বিভাজন, ০৪ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি'এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য ০২ জেলার (কক্সবাজার ও চট্টগ্রাম) জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ৩টি পার্বত্য জেলার (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এর অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। ২০২৩-২৪ /খরিপ-২ মৌসুমে রোপা আমন ধান উৎপাদনের বিঘাপ্রতি উপকরণ ও আর্থিক সহায়তা বিবরণী

| উপকরণের নাম | বীজ | ডিএপি | এমওপি | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় ( টাকা) | মোট বরাদ্দ (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| বিঘাপ্রতি উপকরণ সহায়তা (কেজি) | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | | | |
| উপকরণের একক মূল্য (টাকা) | ৫০.০০ | ১৯.০০ | ১৮.০০ | ১.৫০ | ১.০০ | |
| বিঘাপ্রতি মোট সহায়তা (টাকা) | ২৫০.০০ | ১৯০.০০ | ১৮০.০০ | ৩৭.৫০ | ২৫.০০ | ৬৮২.৫০ |

৩। ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-২ মৌসুমে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির জন্য সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ জেলাসমূহের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক সংখ্যা ও উপকরণওয়ারী অর্থ বিভাজন:

লক্ষ টাকা

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন) | বীজের পরিমান (মে.টন) | রাসায়নিক সারের পরিমান (মে.টন) | | | উপকরণের ব্যয় | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | | | | বীজের মূল্য | সারের মূল্য | | | | | | |
| | | | | ডিএপি | এমওপি | উপমোট | | ডিএপি | এমওপি | উপ মোট | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট | |
| ১ | চট্টগ্রাম | ৬০০০ | ৩০.০০ | ৬০.০০ | ৬০.০০ | ১২০.০০ | ১৫.০০ | ১১.৪০ | ১০.৮০ | ২২.২০ | ২.২৫০ | ১.৫০ | ৩.৭৫০ | ৪০.৯৫০ |
| ২ | কক্সবাজার | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৫.০০ | ৩.৮০ | ৩.৬০ | ৭.৪০ | ০.৭৫০ | ০.৫০ | ১.২৫০ | ১৩.৬৫০ |
| ৩ | রাঙ্গামাটি | ১০০০ | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ২.৫০ | ১.৯০ | ১.৮০ | ৩.৭০ | ০.৩৭৫ | ০.২৫ | ০.৬২৫ | ৬.৮২৫ |
| ৪ | খাগড়াছড়ি | ৬০০ | ৩.০০ | ৬.০০ | ৬.০০ | ১২.০০ | ১.৫০ | ১.১৪ | ১.০৮ | ২.২২ | ০.২২৫ | ০.১৫ | ০.৩৭৫ | ৪.০৯৫ |
| ৫ | বান্দরবান | ১৪০০ | ৭.০০ | ১৪.০০ | ১৪.০০ | ২৮.০০ | ৩.৫০ | ২.৬৬ | ২.৫২ | ৫.১৮ | ০.৫২৫ | ০.৩৫ | ০.৮৭৫ | ৯.৫৫৫ |
| মোট | | ১১০০০ | ৫৫.০০ | ১১০.০০ | ১১০.০০ | ২২০.০০ | ২৭.৫০ | ২০.[illegible]০ | ১৯.৮০ | ৪০.৭০ | ৪.১২৫ | ২.৭৫ | ৬.৮৭৫ | ৭৫.০৭৫ |

০৪। ২০২৩-২৪ অর্থবছরে কৃষকদের মাঝে খরিপ-২ মৌসুমে রোপা আমন ধানের পুনর্বাসন কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি' ও 'কৃষক তথ্য ছক' মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

০৫। **কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের রোপা আমন ধান (উফশী জাত) ফসল আবাদের জমি এবং চলতি খরিপ-২ মৌসুমে রোপা আমন ধান (উফশী জাত) ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে আমন ধান চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিতভাবে ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুত আগ্রহী কৃষকের তালিকা প্রস্তুত ও অনুমোদন করে সে অনুযায়ী বরাদ্দকৃত এলাকার আমন ধান চাষে আগ্রহী ও উপযুক্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের মাঝে বিতরণ করবে।

৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫.০০ কেজি রোপা আমন ধানের (উফশী জাত) বীজ, ১০.০০ কেজি ডিএপি ও ১০.০০ কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে;

৭. এ কর্মসূচির আওতায় রোপা আমন ধানের উফশী বীজ জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি হতে সংগ্রহ করতে হবে;

৮. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য আমন ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে এবং সার গুনগত মানসম্পন্ন হতে হবে। এ কর্মসূচির আওতায় আবাদকৃত আমন ধান, নির্বাচিত কৃষকের স্বাভাবিক আমন ধান চাষের অতিরিক্ত হতে হবে। কোন অবস্থাতেই বীজ ও সার কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৯. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১০. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্দ্ধতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) এ প্রেরণ করবে। পরবর্তীতে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিতভাবে ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/
মোঃ জসিম উদ্দিন
উপসচিব (প্রতিকল্প)

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.২৭৬ তারিখ : ২৫ আশ্বিন ১৪৩০ / ২৫ সেপ্টেম্বর ২০২৩

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/
মোঃ জসিম উদ্দিন
উপসচিব (প্রতিকল্প)
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১১৪.২৩. তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.২৭৬ তারিখ : ২৫ আশ্বিন ১৪৩০ / ২৫ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ (রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
৯. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (কক্সবাজার ও চট্টগ্রাম)।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ০৫টি জেলা)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ০৫ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫/০৯/২৩
মোঃ জসিম উদ্দিন
উপসচিব (প্রতিকল্প)
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি মন্ত্রণালয়**
**উপকরণ-২ শাখা**
**www.moa.gov.bd**

২০২৩-২৪ অর্থবছরে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের উফশী জাতের বীজ ও সার পুনর্বাসন সহায়তা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি'

**প্রণোদনার উদ্দেশ্যঃ**

১. সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের পাশে দাঁড়ানো;
২. বন্যায় ক্ষতিগ্রস্থ এলাকাসমূহের কৃষকদের বন্যার ক্ষতি পুষিয়ে নেওয়া;
৩. আমন ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখা;
৪. কৃষকগণ আমন ধান ফসলের উৎপাদন বৃদ্ধি করে আর্থিকভাবে লাভবান হতে পারে;
৫. দেশের খাদ্য উৎপাদনের বর্তমান ধারা অব্যাহত রাখা।

**প্রণোদনা কার্যক্রমের যৌক্তিকতাঃ**

প্রতি বছরের ন্যায় এবারও দেশের ৫টি জেলায় বাড়ী ঘর, রাস্তা-ঘাট, ফসলের জমি বন্যার পানিতে নিমজ্জিত হয়েছে। তাছাড়া ৬৬২৩১ হে জমির ফসল নিমজ্জিত হয়েছে। এতে কৃষকের ফসলী জমি বিনষ্ট হওয়ায় কৃষকগণ ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছেন। এই দূর্যোগের সময়ে কৃষকদের পাশে দাঁড়ানো এবং তাদের ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে এ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

**প্রত্যাশিত সুফল:**

প্রস্তাবিত এ কর্মসূচি বাস্তবায়িত হলে ১১০০০ হাজার বিঘা (১৪৬৬.৬৭ হেক্টর) জমিতে উফশী আমন চাষ করা সম্ভব হবে। এতে প্রায় ৩৮১৩.৩৪২ হাজার মেট্রিক টন (২.৬০টন/হে.) চাল উৎপাদন হবে যার মূল্য ১৬ কোটি ১ লক্ষ ৬০ হাজার ৪ শত টাকা এবং এতে খড় উৎপাদন হবে ৫৬৮১.৮৭৯ মেট্রিক টন যার মূল্য ১ কোটি ৭০ লাখ ৪৫ হাজার ৬ শত টাকা। অর্থাৎ উৎপাদিত পণ্যের মোট আয় হবে ১৭ কোটি ৭২ লক্ষ ৬ হাজার টাকা। উৎপাদন খরচ প্রতি বিঘায় সরকারি সহায়তায় ৬৮২.৫০ টাকা এবং কৃষকের নিজস্ব খরচ (ইউরিয়া+জমি তৈরি+রোপন+ আন্ত: পরিচর্যা+কর্তন+মাড়াই ইত্যাদিসহ) ১০,১৫০ টাকা মোট বিঘাপ্রতি খরচ ১০,৮৩২.৫০ টাকা। সে হিসাবে কর্মসূচিভূক্ত ১১০০০ হাজার বিঘা জমিতে (১৪৬৬.৬৭ হেক্টর) মোট উৎপাদন খরচ ১১ কোটি ৯১ লক্ষ ৫৭ হাজার ৭ শত টাকা। উৎপাদন খরচ বাদ দিয়ে নীট আয় হবে ৫ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার ৩ শত টাকা। ১ টাকা খরচ করে আয় হবে ১.৪৯ টাকা।

বাস্তবায়ন পদ্ধতি

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের রোপা আমন ধান (উফশী জাত) ফসল আবাদের জমি এবং চলতি খরিপ-২ মৌসুমে রোপা আমন ধান (উফশী জাত) ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে আমন ধান চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিতভাবে ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুত আগ্রহী কৃষকের তালিকা প্রস্তুত ও অনুমোদন করে সে অনুযায়ী বরাদ্দকৃত এলাকার আমন ধান চাষে আগ্রহী ও উপযুক্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক পরিবারের মাঝে বিতরণ করবে;

৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ৫.০০ কেজি রোপা আমন ধানের (উফশী জাত) বীজ, ১০.০০ কেজি ডিএপি ও ১০.০০ কেজি এমওপি সার সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে;

৭. এ কর্মসূচির আওতায় রোপা আমন ধানের উফশী বীজ জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি হতে সংগ্রহ করতে হবে;

৮. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য আমন ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে এবং সার গুনগত মানসম্পন্ন হতে হবে। এ কর্মসূচির আওতায় আবাদকৃত আমন ধান, নির্বাচিত কৃষকের স্বাভাবিক আমন ধান চাষের অতিরিক্ত হতে হবে। কোন অবস্থাতেই বীজ ও সার কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৯. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১০. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) এ প্রেরণ করবে। পরবর্তীতে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিতভাবে ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

২৫/০৯/২৬

মোঃ জসিম উদ্দিন
উপসচিব (প্রতিকল্প)
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে** E-mail-(admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) **-এ প্রেরন করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ ও সারের পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত সার, বীজ কীটনাশক এর ব্যবহার/ ম্যানেজমেন্টের জন্য উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>বীজের পরিমাণ-<br>সারের পরিমাণ- | |